কাঁথুলি ইউপি একাদশকে হারিয়ে বাগোয়ান ইউপি একাদশ দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ৭ম দিনের খেলায় গাংনী উপজেলার কাঁথুলি ইউনিয়ন একাদশকে ৩-০ গোলে হারিয়ে মুজিবনগরের বাগোয়ান ইউনিয়ন একাদশ দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধের ১৫ মিনিটের সময় বাগোয়ান ইউনিয়ন ফুটবল একাদশের পক্ষে ১১ নং জার্সি পরিহিত ফরোয়ার্ড সবুজ দৃষ্টিনন্দন গোল করে দলকে এগিয়ে নেন। এরপর একই দলের ৯ নং জার্সি পরিহিত ফরোয়ার্ড অনিছুর রহমান ৪৩ মিনিটের সময় ১ ও দ্বিতীয় অর্ধের ১২ মিনিটের সময় তৃতীয় গোলটি করেন। তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই কয়েকটি করে গোল করার সুযোগ হারান।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন বাগোয়ান ইউনিয়ন ফুটবল একাদশের পক্ষে ফরোয়ার্ড আনিছুর রহমান। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়। এছাড়া লালন শাহ বালি ভান্ডারের পক্ষ থেকে একটি টি শার্ট উপহার দেওয়া হয়।

আনিছের হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু ও সম্পাদক ইয়াদুল মোমিন ।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের উপদেষ্টা কমিটির সদস্য, জনতা ব্যাংকের অবসরপ্রাপ্ত এজিএম আব্দুস সামাদ, টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক ও খেলা কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সহ-সভাপতি নাসের চৌধুরী, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, আমিরুল ইসলাম অল্ডাম, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামীম জাহাঙ্গীর সেন্টু, মাহাবুব হাসান ডালিম উপস্থিত ছিলেন।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন গাংনীর আব্বাছ উদ্দীন।

তাকে সহযোগীতা করেন গাংনীর মাহাবুব রহমান ও মনিরুল ইসলাম। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন টুটুল আহমেদ। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল ১১ জুন, ৮ম ম্যাচে একই মাঠে বিকাল ৪ টার সময় মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন একাদশ ও গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন বাওট শাপলা ক্লাবের মধ্যে লড়াই হবে।

খেলাটি একযোগে রাজধানী টিভি, রেডিও পায়রা, মেহেরপুর প্রতিদিনের ফেসবুক থেকে সরাসরি লাইভ দেখানো হবে।